বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (তয় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা- ১০০০
www.bac.gov.bd

স্মারক নং. ৩৭.২৮.০০০০.১০৩.৪০.০০১.২২- ৯১৫(২)

তারিখ: ২৯/০৩/২০২৩ খ্রি.

**সভার নোটিশ**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখ দুপুর ০২:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter), [২.২] এর আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। সভায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্যগণ উপস্থিত থাকবেন।

সংশ্লিষ্ট সকলকে ভার্চুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১. বিশ্ববিদ্যালয়/প্রোগ্রাম ভিত্তিক Bangladesh National Qualifications Framework (BNQF) বাস্তবায়ন অগ্রগতি;
২. বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল কর্তৃক প্রদত্ত BNQF বিষয়ক Google Form পূরণ সংক্রান্ত;
৩. বিবিধ।

Zoom Meeting ID: 684 0513 6820
PW: 123

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(গৌতম চন্দ্র রায়)
পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) ও
সভাপতি (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৪. পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৫. সচিব (কাউন্সিল ও প্রশাসন), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৬. পরিচালক, IQAC (সকল), পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়;
৭. পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৮. উপপরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৯. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
১০. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
১১. কর্মকর্তা (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
১২. অফিস কপি।

**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (তয় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা- ১০০০
www.bac.gov.bd

**কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভা | : ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter), [২.২] এর আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা |
| সভাপতি | : প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী<br>পূর্ণকালীন সদস্য (কিউএ এন্ড এনকিউএফ)<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| তারিখ | : ৩০/০৩/২০২৩ খ্রি. |
| সময় ও স্থান | : দুপুর ০২:০০ ঘটিকা; ভার্চুয়াল প্ল্যাটফর্ম (Zoom Meeting) |

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখ দুপুর ০২:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter), [২.২] এর আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম)-এ অনুষ্ঠিত হয়। সভায় স্টেকহোল্ডারগণ ছাড়াও কাউন্সিলের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

সভাপতির অনুমতিক্রমে কাউন্সিলের পরিচালক সভা আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্য বিষয়ে সকলকে অবহিত করেন। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১. আলোচনা:** বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter), [২.২] এর আওতায় স্টেকহোল্ডারগণের সহযোগিতা একান্ত কাম্য মর্মে সভায় আলোকপাত করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম স্বচ্ছতা, জবাবদিহিতা, ও দ্রুততার সাথে নিশ্চিত করার বিষয়ে সভাপতি সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

এ পর্যায়ে সভাপতি স্টেকহোল্ডারগণের মধ্য থেকে প্রশ্ন করার অনুরোধ জানালে পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ Bangladesh National Qualifications Framework (BNQF) বিষয়ে বিভিন্ন প্রশ্ন করেন। শিক্ষকগণ বিশ্ববিদ্যালয়সমূহে বিদ্যমান প্রোগ্রামসমূহের অ্যাক্রেডিটেশন কার্যক্রম, সেলফ্ অ্যাসেসমেন্ট (Self-Assessment-SA) প্রক্রিয়া, BNQF এর Outcome-Based Education (OBE), Outcome-Based Curriculum (OBC), GED বিষয়ে প্রশ্ন করেন। এ বিষয়ে সভাপতি সরকার নির্দেশিত নীতিমালা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গাইডলাইন, পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণের অনুরোধ জানান। সভায় আরও অবহিত করা হয় যে, বিশ্ববিদ্যালয়সমূহে বিদ্যমান প্রোগ্রামসমূহকে অ্যাক্রেডিটেশনের আওতায় আনার পূর্বে অবশ্যই BNQF এর Learning Outcomes & Framework বিষয়ে নিবিড় অনুশীলন ও বিশ্লেষণের প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলের পূর্ণকালীন সদস্য (অ্যাক্রেডিটেশন) প্রফেসর ড. এস. এম. কবীর একমত প্রকাশ করেন।

সভাপতি সভাকে আরও অনুরোধ করেন যে, প্রতিটি ডিসিপ্লেনের জন্য পৃথক পৃথক সহ-শিক্ষা কার্যক্রম Co-curricular Activities) সংযোজন করে Outcome-Based Curriculum (OBC) পুনর্গঠন করা প্রয়োজন। এ বিষয়ে BNQF অনুসরণের অনুরোধ জানালে সভায় উপস্থিত সকলে সভাপতির বক্তব্যে একমত প্রকাশ করেন এবং এ বিষয়ে আরও বিস্তারিত জানতে কাউন্সিলের সংশ্লিষ্ট পূর্ণকালীন সদস্যবৃন্দের সাথে আলোচনা করার পরামর্শ প্রদান করা হয়।

পরিশেষে স্টেকহোল্ডারগণ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলকে মানসম্মত সেবা প্রদানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

**২. সিদ্ধান্ত:**
২.১ বিশ্ববিদ্যালয়সমূহে বিদ্যমান প্রোগ্রামসমূহকে অ্যাক্রেডিটেশনের আওতায় আনার লক্ষ্যে Bangladesh National Qualifications Framework (BNQF) অনুসরণ করা প্রয়োজন।

২.২ BNQF এর Outcome-Based Education (OBE), Outcome-Based Curriculum (OBC), ও GED বিষয়ে সরকার নির্দেশিত নীতিমালা/গাইডলাইন অনুসরণ করা প্রয়োজন।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গৌতম চন্দ্র রায়)
পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) ও
সভাপতি (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল


Nazrul Islam
Dr. Kingkar Prosad Ghosh
Dr. Md. Ashraf Hossain
Bezon Kumar
Md. Nazrul Islam
Md. Nazrul Islam
Dr. Selim Ahmed
BAC
Prof. Dr. Mohammed Ziaul Haider
Mirza Hasanuzzaman
Galaxy A01
Md. Ashrafuzzaman, Asst. Prof, BDU
Ashraful Nazir
Mozammel Haque
Prof. Dr. Taufique Sayeed
Parvez Akther
F. Sharmin, Ph.D., BAC
Md Shammul Hasan
Nasir Uddin Ahammed, Director (Accreditation)
Matiul Islam
Kamal Bean Ali, AD BAC
Prof Mohammed...
Sultana Rokeya N...
M
Md. Emdadul Ho...
Prof Mohammed Nazim Uddin, EDU
Sultana Rokeya Naher
Emdadul Hoque
Md. Emdadul Hoque
MD. Khalequeuzzaman, AD, IQAC, GB


SM Kabir
BAC
BANGLADESH ACCREDITATION COUNCIL
Sanjoy Adhikary
MohammadAbdulAlim
Dr. Md.Rezaul Karim
M Jahidul Azad, AD, IQAC, Prime University
Md. Mamunur Ra...
Md. Mamunur Rashid
Mohammed Ziaul...
Mohammed Ziaul Haider, Director, IQAC, KU
Air Cdre Abdus S...
Air Cdre Abdus Salam (Retd), Dir IQAC, BSMRAAU
Nazrul Islam
Dr. Kingkar Prosa...
Dr. Kingkar Prosad Ghosh
Dr. Md. Ashraf Hossain
Bezon Kumar
Bezon Kumar
MD. Khalequeuzzaman, AD, IQAC, GB
Ashraful Nazir
Md. Nazrul Islam
Md. Nazrul Islam
Dr. Selim Ahmed
Dr. Selim Ahmed
Professor Dr. Syed Hafizur Rahman
Md. Ashrafuzzaman, Asst. Prof, BDU
Parvez Akther
Parvez Akther
Mirza Hasanuzzaman
M
Emdadul Hoque
Mozammel Haque
Md. Habibur Rahman

3:20 PM 86

Close **Participants (30)**

Search

F. Sharmin, Ph.D., B... (me)

BAC (Host)

Tazib Uddin (Co-host)

BAC (Co-host)

DK Dr. Kingkar Prosad Gh...

PD Prof. Dr. Taufique Saye...

SA Sanjoy Adhikary

Ashraful Nazir

BK Bezon Kumar

Dr. Md. Ashraf Hossain

DM Dr. Md Rezaul Karim